200Rs.

INDIA NON JUDICIAL

२००रु.     Rs 200

सत्यमेव जयते

भारत

दो सौ रुपये     TWO HUNDRED RUPEES

Stamp Act 1899 ... 1A ... 58A.

L. T. I. of Nirmala Das Bichali By the pen of Kali charan Sautra

A 289.50

6/9/85

পারিবারিক বিনিয়োগ বন্দোবস্ত পত্র দলিল বা

ডিড অফ ফ্যামিলি সেটেলমেন্ট ।

বিলিকৃত বা ব্যবস্থাধীন সম্পত্তির মূল্য ৩০,০০০৲ ত্রিশ হাজার টাকা মাত্র ।

| বন্দোবস্তকারী বা সেটেলার ঃ- | বন্দোবস্ত গ্রহনকারী বা সেটলী ঃ- |
| --- | --- |
| শ্রীযুক্তা নির্মলা দাস বিচালী<br>স্বামী মৃত হরিচরন দাস বিচালী<br>জাতি হিন্দু, পেশা গৃহস্থালী<br>সাং ১৭/১২ নং নবর চন্দ্র দাস রোড<br>থানা বেহালা, কলিকাতা - ৩৪<br>জেলা ২৪ পরগনা । | শ্রী গোপাল চন্দ্র দাস ওরফে<br>শ্রী গোপাল চন্দ্র দাস বিচালী<br>পিতা মৃত হরিচরন দাস বিচালী<br>জাতি হিন্দু, পেশা চাকুরী<br>সাং ১৭/১২ নং নবর চন্দ্র দাস রোড<br>থানা বেহালা, কলিকাতা - ৩৪<br>জেলা ২৪ পরগনা । |

০০০

কস্য নিম্ন তপশীলে বিশেষ ভাবে বর্ণিত ও চৌহদ্দীযুক্ত স্থাবর সম্পত্তির শুভ

7875 (7)
S. Bhowmick
Adv
200/-
28/8/85

7875 (7)
Presented for Registration at 2:30 P.M. on the 6th day of Sept 1985
at the Sub Registration Office
1085 Nirmala Das Bichali

Nirmala Das Bichali
W/o Late Haricharan Das Bichali
of 17/12, Nafar Chandra Das Road
Thana Behala
District 24 Parganas Cal 34
by Caste / Hindu / Muslim
by profession H. wife

District Sub Registrar
Alipore, 24-Parganas
6/9/85

Kalicharan Santra
Son of Late Aghore Ch. Santra
of 54, Sahapur Road
Thana Behala
District 24 Parganas Cal 34
by Caste / Hindu / Muslim
by profession Business

L. T. I. of Nirmala Das Bichali - By the pen of Kalicharan Santra




12540/

L. T. I of Nirmala Das Bichali - By the pen of Kalicharan Santra

District Sub Registrar
Alipore, 24-Parganas
6/9/85

Kalicharan Santra

200Rs




২১




L.T.I. of Nirmala Das Bichali
By the pen of Kalicharan Santra

শুভ বিনিয়োগ বন্দোবস্ত দলিল বা ডিড অফ ফ্যামিলি সেটেলমেন্ট মিদং –

কার্য্যঞ্চাগে ঃ –

জেলা ২৪ পরগনা থানা বেহালা সাবরেজেষ্ট্রী অফিস আলীপুর ও বেহালা পরগনা বালিয়া আলিপুর জেলা কালেকটারীর ৩৪৬ নং তৌজি ভুক্ত জে, এল নং ২ রেঃ সাঃ নং ৮৩ পূর্বতন স্থানীয় সাউথ সুবারবান মিউনিসিপ্যালিটী অধুনা কলিকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশানের সাউথ সুবারবান ইউনিটের এলাকাধিন মৌজা বেহালা ডাক চণ্ডীপুর গ্রামে সাবেক ১৯১১ নং হাল ৫৫৬১ নং খতিয়ান ভুক্ত সাবেক ৭২৮৮ নং এবং হাল ১০৩৬০ নং দাগের অংশে মাপ সুরত ⁄৪।।২ চারি কাঠা আট ছটাক দুই বর্গফুট পরিমিত মধ্যসুত্বাধিকারী চিরস্থায়ী নিস্কর ব্রহ্মোত্তর সুত্বীয় বাস্তু শ্রেনীর জমি মায় উক্ত জমির পশ্চিম সীমানায় ৫ পাঁচ ফুট পরিমিত কমন প্যাসেজের –

200Rs




৩।

L. T. I. of Nirmala Das Bichali by the pen of Kali Charan Sautra

প্যাসেজের সর্ব্বপ্রকার ইজমেন্ট বা ব্যবহারিক স্বত্বাদি সহ স্থাবর সম্পত্তি অত্র দলিলের বন্দোবস্ত কারিনী বা সেট্‌লার আমার অধুনামৃত স্বামী হরিচরণ দাস বিচালী মহাশয় বিগত ইং ১৯৪৩ সালের ২৪ শে ফেব্রুয়ারী বাংলা সন ১৩৪৯ সালের ১২ই ফাল্গুন তারিখে সম্পাদিত ও উক্ত তারিখে বেহালাস্থিত আলিপুর সাবরেজেষ্ট্রী অফিসের ১নং বহির ৭ নং খণ্ডের ২৫ হইতে ৩০ পৃষ্ঠায় ইং ১৯৪৩ সালের ১৪৭ নং কোবালা দলিল হিসাবে নথিভুক্ত এককেতা রেজিষ্ট্রীকৃত সাফ বিক্রয় কোবালা দলিল মূলে উক্ত জমির তদানীন্তন ষোল আনা রকম মালিক ও দখলকার জনৈক বেহালা নিবাসী মহেন্দ্র নাথ মুখোপাধ্যায় মহাশয়ের নিকট হইতে তদানীন্তন উপযুক্ত পনে নিজ - স্বোপার্জিত অর্থে ও স্বার্থে খরিদ করিয়া ও উক্ত খরিদাকৃত জমিতে ষোল আনা রকম খাস খোলসা দখল প্রাপ্ত হইয়া নিজ নাম তদানীন্তন সাউথ সুবারবান মিউনিসি-প্যালিটী ও পশ্চিম বঙ্গ সরকার সহ সকল অফিস কাছারি ও সম্ভাব্য সকল স্থানে -

200Rs.





৪।

L.T.I. of Nirmala Das Bichali
By the pen of Kali Charan Sauth

স্বনামে নিজ নাম পত্তন পূর্ব্বক নিজ নামে ট্যাক্স খাজনাদি প্রদানে ও রসিদ গ্রহনে অন্যের নিরাংশে ও নির্ব্যুঢ় স্বত্বে উক্ত খরিদাকৃত সম্পত্তির খরিদ সূত্রে ষোল আনা রকম মালিক ও একক দখলকার হিসাবে ভোগদখল করিতে থাকাকালীন নিজ স্বোপার্জ্জিত অর্থে ও নিজ স্বার্থে একখানি দ্বিতল পাকা ইমারত বাটী নির্ম্মান পূর্ব্বক তথায় নিজ পরিবারবর্গ সহ বসবাস করিতে থাকাকালীন আমাদের কোন সন্তানাদি না হওয়ায় এবং সময় অন্তে কোনরূপ সন্তানাদি জন্মগ্রহণ করিবার ভবিষ্যৎ সম্ভাবনা না থাকায় অত্র দলিলের বন্দোবস্ত গ্রহনকারী বা সেটেলী শ্রীমান গোপাল চন্দ্র দাস ওরফে গোপাল চন্দ্র দাস বিচালীকে অতি শৈশবকাল হইতে তাহার প্রকৃত পিতা মাতার সম্মতিক্রমে ও জ্ঞাতসারে অত্র দলিলের বন্দোবস্তদাত্রিনী আমি ও আমার উক্ত অধুনামৃত স্বামী উভয়ে উক্ত শ্রীমান গোপাল চন্দ্র দাস ওরফে গোপাল চন্দ্র দাস বিচালীকে

200Rs.




৫।

L. T. I. of Nirmala Das Bichali By the pen of Kali charan Seth

বিচালীকে তাহার অতি শৈশবকাল হইতে প্রকৃত পক্ষে দত্তক পুত্র হিসাবে গ্রহন করিয়া আপন পুত্রবৎ এযাবৎকাল নিজ তত্ত্বাবধানে লালন পালন করতঃ ও উপযুক্ত শিক্ষাদি প্রদানপূর্বক জীবনে সুখ প্রতিষ্ঠিত করিয়াছি। আইনের অজ্ঞতাহেতু উক্ত দত্তক বিষয়ে যদিও কোন দলিল দস্তাবেজ বা আদালত কর্তৃক আদেশক্রমে দত্তক গ্রহন সম্ভব হয় নাই তথাপি প্রকৃত পক্ষে তাহাকে নিজ সন্তান জ্ঞানে এযাবৎকাল নিজ গৃহে ও নিজ সংসারে নিজ যত্নে প্রতিপালন করিয়াছি এবং অত্র দলিলের বন্দোবস্ত গ্রহনকারী উক্ত শ্রী গোপাল চন্দ্র দাস ওরফে শ্রী গোপাল চন্দ্র দাস বিচালী আমার উক্ত অধুনামৃত স্বামীর জীবনকালতক তাহাকে নিজ পিতাজ্ঞানে ও আমাকে নিজ মাতাজ্ঞানে এযাৎকাল শ্রদ্ধা ভক্তি সেবা যত্ন প্রভৃতি যাহা কিছু নিজ সন্তানের কাছে কাম্য তৎ সকল করিয়া আসিতেছে এবং তাঁহার অতি শৈশবকাল হইতে অদ্যাপি তাহার প্রকৃত পিতামাতা বা তাহাদের পরিবারের কাহারও সহিত অত্র দলিলের –

75 Rs.

पचहत्तर रुपये

सत्यमेव जयते

भारत

INDIA

७५रु. SEVENTY FIVE RUPEES 75Rs.



L.T.I. of Nirmala Das Bichali By the pen of Kali charan Gupta

দলিলের বন্দোবস্ত গ্রহনকারী শ্রী গোপাল চন্দ্র দাসওরফেগোপাল চন্দ্র দাস বিচালীর

কোন সম্পর্ক নাই এবং তাহার আমার প্রতি ভক্তি, শ্রদ্ধা সেবা যত্নে আমি প্রীত

আছি। বিগত ইংরাজী ১৯৭৯ সালের ২৪ শে ডিসেম্বর তারিখে অত্র দলিলের

বন্দোবস্তকারিনী আমার স্বামী হরিচরন দাস বিচালী মহাশয় নিম্ন তপশীলে বিশেষ

ভাবে বর্ণিত ও চৌহদ্দিযুক্ত স্থাবর সম্পত্তির মৌখিক বা লিখিত কোনপ্রকার বিলি-

বন্দোবস্ত বা দলিল দস্তাবেজ না করিয়া পরলোক গমন করিলে তাহার একমাত্র

স্বলাভিষিক্ত ওয়ারিশ হিসাবে ওয়ারিশনসূত্রে অত্র দলিলের বন্দোবস্তকারিনী আমি

তাহার একমাত্র বিধবা পত্নী হিসাবে আমি নিম্ন তপশীলে বিশেষভাবে বর্ণিত

ও চৌহদ্দিযুক্ত স্থাবর সম্পত্তি একক নিব্যূঢ় সূত্রে ষোল আনা রকম প্রাপ্ত হইয়া


অন্যের নিরাংশে এযাবৎকাল ভোগদখল করিয়া আসিতেছি। এক্ষনে আমি

বয়োবৃদ্ধ হইয়া যাওয়ায় এবং বৃদ্ধ বয়সজনিত নানারূপ শারীরিক গোলযোগ দেখা

দেওয়া এবং মানুষের জীবন পরম অনিশ্চিত বিধায় আমার উক্ত নিম্ন তপশীলে

বিশেষভাবে বর্ণিত ও চৌহদ্দিযুক্ত স্থাবর সম্পত্তির একটি সুষ্ঠু বিলি বন্দোবস্ত –

10 Rs.






L.T.I. of Nirmala Das Sichuli
By the pen of
Kali charan Santra

বন্দোবস্ত করিবার আশু প্রয়োজন হওয়ায় সকল দিক সুবিবেচনা করিয়া ও আমার পারিবারিক মঙ্গলার্থে অদ্যকার তারিখ হইতে অত্র দলিলবলে উক্ত সম্পত্তিতে আমার ব্যক্তিমালিকানা রদ ও রহিত করিয়া একটি প্রাইভেট ট্রাস্ট গঠন পূর্বক উক্ত ট্রাস্ট সম্পত্তিতে রূপান্তর করতঃ অত্র দলিল বলে উক্ত ট্রাস্টের একক ট্রাস্টী হিসাবে নিজেকে নিযুক্ত করতঃ উক্ত ট্রাস্টীর উপর সকল প্রকার হস্তান্তর ও দায়াবদ্ধ করনের ক্ষমতা - ব্যাতিরেকে উক্ত ট্রাস্টকৃত সম্পত্তির সকল প্রকার রক্ষনাবেক্ষন ভোগদখল ও উক্ত ট্রাস্টকৃত সম্পত্তির মঙ্গলার্থে সকল প্রকার উন্নতি মূলক কার্য্যাদি করিবার সকল প্রকার ক্ষমতাযুক্ত উক্ত ট্রাস্টীকে অত্র দলিল বলে ক্ষমতা প্রদত্ত হইল । উক্ত ট্রাস্টীর উক্ত সকল কার্য্যাদি কেহ কখনও কোন প্রকারে কোন বিধিনিষেধ আরোপ, ওজর আপত্তি বা বাধাবিঘ্ন সৃষ্টি করিতে পারিবে না বা করিলেও তাহা সকল স্থানে সর্ব্ব আদালতকর্ত্তৃক বাতিল বলিয়া গণ্য হইবে । প্রকাশ থাকে যে অত্র দলিল বলে নিযুক্ত উক্ত ট্রাস্টীর উক্ত ট্রাস্টকৃত সম্পত্তির সকল আয় ও উপস্বত্ব এককভাবে গ্রহন করিবার সকল প্রকার ক্ষমতা অত্র দলিল বলে প্রদত্ত হইল । আরও প্রকাশ থাকে যে অত্র দলিল বলে ট্রাস্টকৃত -

L.T.I. of Nirmala
By the pen of

ট্রাস্টকৃত সম্পত্তির একক ট্রাস্টী হিসাবে নিযুক্ত আমি ভবিষ্যতে যদি কখনও কোন অবস্থাতে উক্ত ট্রাস্টকৃত সম্পত্তির একক ট্রাস্টী হিসাবে উপরোক্ত কার্য্যাদি আমার শারীরিক বা অন্য কোনও কারনে করিতে অপারগ বা অনিচ্ছুক হই সেক্ষেত্রে অত্র দলিলের বন্দোবস্ত গ্রহনকারী আমার অনুমতি ক্রমে উক্ত ট্রাস্টকৃত সম্পত্তির সকল প্রকার কার্য্য করিতে অত্র দলিল বলে ক্ষমতা প্রাপ্ত হইলেন। আরও প্রকাশ থাকে যে অত্র দলিলের বন্দোবস্তকারিনী আমার দেহান্তে অত্র দলিল বলে গঠিত প্রাইভেট ট্রাস্ট বিলুপ্ত ও ধ্বংস হইয়া আমার নির্ব্যূঢ় স্বত্বীয় ব্যক্তি মালিকানাধীন সম্পত্তি হিসাবে অত্র দলিলের বন্দোবস্ত গ্রহনকারী শ্রীমান গোপাল চন্দ্র দাস ওরফে গোপাল চন্দ্র দাস বিচালী একক নির্ব্যূঢ় স্বত্বে দান, বিক্রয়, বন্ধক প্রভৃতি সকল প্রকার হস্তান্তর ও দায়াবদ্ধ করনের ক্ষমতাযুক্তে ষোল আনা রকম প্রাপ্ত হইবে ও উক্ত সম্পত্তির একক ষোল আনা রকম মালিক হিসাবে অত্র দলিল বলে কলিকাতা মিউনিসিপ্যাল কর্পোরেসানের সাউথ সুবারবান ইউনিটের অফিস সহ সকল অফিস, কাছারি, আদালত ও সকল সম্ভাব্যস্থলে নিজ নাম পত্তন পূর্ব্বক নিজ নামে ট্যাক্স খাজনাদি আদায় ও রসিদ গ্রহন করিবার ক্ষমতাযুক্তে যদৃচ্ছা পরম সুখে তার নিজ ওয়ারিশান ও স্থলাভিষিক্ত গনক্রমে অন্যের নিরাংশে ও বিরুদ্ধ স্বত্বে ভোগ দখল করিতে পারিবে তাহাতে অপর কোন ব্যক্তি কোন প্রকার ওজর আপত্তি বা বাধা সৃষ্টি করিতে পারিবে না অথবা করিলেও তাহা সর্ব্বদা সর্ব্বত্র আদালতে নামঞ্জুর ও বাতিল বলিয়া গণ্য হইবে। আরও প্রকাশ থাকে যে অত্র কৃত ট্রাস্ট সম্পত্তি অত্র বন্দোবস্তকারিনী আমি ইতিপূর্ব্বে দান, বিক্রয়, বন্ধক প্রভৃতি কোন প্রকারে – হস্তান্তরিত বা দায়াবদ্ধ করি নাই বা করিবার পক্ষে কাহারও সহিত কোন প্রকার

C. T. I. of Nirmal Ch
Das Archak
By the pen of
Kali charan Samanta

প্রকার লিখিত বা মৌখিক চুক্তিতে আবদ্ধ হই নাই বা উক্ত সম্পত্তি বা তাহার কোন অংশ ইতিপূর্বে কোন দেব সেবায় অর্পিত হয় নাই বা উহা কোন দেবোত্তর বা পীরোত্তর সম্পত্তি নহে বা উক্ত সম্পত্তিতে আমার কোন অংশীদার নাই বা উক্ত সম্পত্তিতে কোন বিরুদ্ধ সূত্রের কোন দাবীদার নাই বা এযাবৎকাল উক্ত সম্পত্তি বা তাহার কোন অংশ কোন সরকার বা পাবলিক বডি কর্ত্তৃক কোন - এ্যাকুইজিসান বা রিকুইজিসান নাই বা হইবার পক্ষে কোন নোটিশ জারী হয় নাই বা উক্ত সম্পত্তি কোন মালি মোকর্দ্দমার বিষয়ভুক্ত সম্পত্তি নহে বা উক্ত সম্পত্তিতে কোন আদালত কর্ত্তৃক কোন নিষেধাজ্ঞা জারী বা উক্ত সম্পত্তি বা তাহার কোন অংশে কোন আদালত কর্ত্তৃক কাহারও কোন খোরপোষের বা অন্য কোন দাবীতে কোন অ্যাটাচমেন্ট নাই বা উহাতে কোন চার্জ, লিয়েন বা ক্রোক নাই। উক্ত সম্পত্তি এযাবৎকাল আমার ষোল আনা রকম ব্যক্তি মালিকানাধীন স্বত্ব দখলীয় সম্পত্তি ছিল যাহা অত্র দলিল বলে উপরোক্ত স্বত্ব সাপেক্ষে আমার ব্যক্তি মালিকানা রদ ও রহিত হইয়া একটি ব্যক্তিগত ট্রাস্ট সম্পত্তিতে রূপান্তরিত হইল।

এতদর্থে সুস্থ শারিরীক ও মানসিক অবস্থায় স্বেচ্ছায় ও অন্যের বিনা প্ররোচনায় আমার নিজের ও পরিবারের মঙ্গলার্থে সকল দিক সুবিবেচনা করিয়া অত্র দলিল উত্তম রূপে পড়াইয়া অত্র দলিলে লিখিত উক্তি সমূহের অর্থ ও দায়িত্ব সম্যক উপলব্ধি করিয়া নিম্নলিখিত ইসাদিগনের সম্মুখে অত্র দলিল সম্পাদন ও রেজেষ্ট্রী করিয়া দিলাম। ইতি ইং সন ১৯৮৫ সালের - ৬ই সেপ্টেম্বর বাংলা সন ১৩৯২ সালের - 20 শে ভাদ্র।

তপশীল বন্দোবস্তকৃত সম্পত্তির পরিচয় ও চৌহদ্দি।

L.T.I. of Nirmala Das Bichali by the pen of Kali charan Samtra

তপশীল বন্দোবস্তকৃত সম্পত্তির
পরিচয় ও চৌহদ্দি ।

জেলা ২৪ পরগনা থানা বেহালা সাবরেজেস্ট্রী আলিপুর ও বেহালা পরগনা বালিয়া আলিপুর জেলা কালেকটারির ৩৪৬ নং তৌজিভুক্ত জে , এল নং ২ রেঃ সাঃ নং ৮৩ পূর্ববতন সাউথ সুবারবান মিউনিসিপ্যালিটীর এলেকাধিন অধুনা কলিকাতা মিউনিসিপ্যাল কর্পোরেসানের সাউথ সুবারবান ইউনিটের এলেকাধিন মৌজা বেহালা তাক চণ্ডীপুর গ্রামে সাবেক ১৯১১ নং খতিয়ানভুক্ত সাবেক ৭২৮৮ নং দাগে এবং হাল ৫৫৬১ নম্বর খতিয়ানভুক্ত হাল ১০১৬০ নং দাগের অংশে মাপজুত /৪॥২ চারি কাঠা আট ছটাক দুই বর্গফুট পরিমিত মধ্যস্বত্বাধিকারী চিরস্থায়ী নিস্কর ব্রহ্মোত্তর স্বত্বের বাস্তু জমি মায় তদুপরিস্থিত দ্বিতল পাকা ইমারতবাটী মায় সাজপাট আকর আওলাতাদি সহ সকল প্রকার ইজমেন্ট ও ব্যবহারিক স্বত্বাদি সহ স্থাবর সম্পত্তি যাহা অধুনা কলিকাতা মিউনিসিপ্যাল কর্পোরেসানের সাউথ সুবারবান ইউনিটের ১২০ নং মিউনিসিপ্যাল ওয়ার্ডের ৪০-নং হোল্ডিং ও ১৭/১২ নকুর চন্দ্র দাস রোড কলিকাতা ৩৪ প্রেমিসেস বলিয়া পরিচিত তাহাই অত্র বিলি বন্দোবস্তকৃত সম্পত্তি হইতেছে । যাহার চৌহদ্দি নিম্নরূপ ঃ —

উত্তর ঃ —পূর্বতন শ্রীমতী সুভদ্রাবালা দাসী অধুনা শ্রী জয়দেব চক্রবর্ত্তী ও
শ্রী বাসুদেব চক্রবর্ত্তীর বাড়ী ।
পূর্ব ঃ — মিউনিসিপ্যাল পাকা ড্রেন ।
দক্ষিন ঃ —শ্রী নিমাই দাস দিগরের জমি ও বাড়ী ।
পশ্চিম ঃ —জেমসু লং সরনী নামক মিউনিসিপ্যাল রাস্তা ।

L.T.I. of Nirmala Das Bichali
By the pen of
Kali Charan Santra

সাক্ষী ঃ –

১। – [illegible] সাধুখাঁ
৪৮/১/১, নফর চন্দ্র দাস রোড
বেহালা, কলি–৩৪

২। – সুনীল কান্তি সাহা
৭/৪এ, নফর চন্দ্র দাস রোড
বেহালা, কলকাতা-৩৪

শ্রীমতী নির্মলা দাস বিচালীর
পরামর্শ ও নির্দেশক্রমে অত্র দলিলের
মুসাবিদা করা হইল।

শ্রী সুদীপ ভৌমিক।
এ্যাডভোকেট –
আলিপুর জজ কোর্ট।

অত্র দলিলদাত্রীর সম্মুখে পড়িয়া
শুনাইয়া ও উহার মর্ম্ম সকল
দলিল দাত্রীকে বুঝাইয়া দিলাম।
শ্রী কালীচরন সাঁতরা

টাইপকারক ঃ–
শেখ আবোব নবী
শেখ আবোব নবী,

আলিপুর জজকোর্ট।

Book I

Volume No. 215

Pages 210 to 219

Being No. 12434

For the Year 19 85

District Sub Registrar
Alipore, 24-Parganas
29.12.86

District Sub Registrar
Alipore, 24-Parganas
6978

Civil Judge (Jr. Divn.)
5th Court, Alipore
1?/9/14

E.228/10
3
17.9.14